

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৬৮

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

### আরবী

وَعَن ابنِ عبَّاسٍ قَالَ: لُعِنَتِ الْوَاصِلَةُ وَالْمُسْتَوْصِلَةُ وَالنَّامِصَةُ وَالْمُتَنَمِّصَةُ وَالْوَاشِمَةُ وَالْمَسْتوشمة من غير دَاء. رَوَاهُ أَبُو دَاؤد

#### বাংলা

88৬৮-[৫০] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সে নারীর ওপর লা'নাত, যে অন্যের মাথায় কৃত্রিম চুল মিশ্রিত করে এবং যে নিজের মাথায় কৃত্রিম চুল লাগায় এবং যে অন্য নারীর চুল উপড়ায় অথবা নিজের ভ্রু উপড়ায়। আর যে নারী কোন ব্যাধি ব্যতীত অপরের সঙ্গে উদ্ধি উৎকীর্ণ করে অথবা নিজের অঙ্গেও করায়। (আবূ দাউদ)[1]

# ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৪১৭০, মুসনাদুশ্ শাফি'ঈ ৭৮, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ১৩৬৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১০১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৯৩৫৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أُلُعِنَتِ الْوَاصِلَةُ) অর্থ- যে তার চুলকে অন্যের চুলে সাথে মিলায় তাকে অভিশাপ দেয়া হয়েছে। অভিশাপ দিয়েছেন আল্লাহ তা'আলা অথবা রসূলের যবান দ্বারা তাদের ওপর অভিশাপ দেয়া হয়েছে। অভিশাপের কারণ হলো, এতে মিথ্যা ও প্রতারণার রূপ রয়েছে। পূর্বে এই মর্মের আরো হাদীস অতিবাহিত হয়েছে। সেখানে বিস্তারিত আলোচনা করা হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75192



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন